



আওয়ামী লীগকে ফেরানোর চেষ্টা করছে বিএনপি: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

আওয়ামী লীগকে আবার রাজনীতিতে ফিরিয়ে আনার জন্য বিএনপি সরকার কাজ করছে বলে অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। রোববার (২৫ অক্টোবর) বিকেলে রাজধানীর মিরপুরে দলের গণসংযোগ কর্মসূচিতে অংশ নিয়ে তিনি এ কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, আওয়ামী লীগের সঙ্গে সমঝোতা করে দলটিকে রাজনীতিতে ফেরানোর উদ্যোগ নেওয়া হচ্ছে। দেশে দলীয়করণ চলছে। রাষ্ট্রীয় অর্থ ব্যয় করে বিএনপি নিজেদের প্রচার চালাচ্ছে। একই সঙ্গে জনগণের রায়কে অবজ্ঞা করা হয়েছে বলেও মন্তব্য করেন তিনি। দেশের বর্তমান পরিস্থিতিতে জুলাইয়ের মতো আবারও সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান এনসিপির আহ্বায়ক।

কর্মসূচিতে এনসিপির সদস্যসচিব আখতার হোসেন বলেন, নির্বাচন হলেই সব সমস্যার সমাধান হবে—মানুষের মধ্যে এমন প্রত্যাশা ছিল। কিন্তু নির্বাচনের পরও পরিস্থিতির কাক্ষিত পরিবর্তন হয়নি। সারাদেশে ছিনতাই ও চাঁদাবাজি নিয়ন্ত্রণে স্বরাষ্ট্রমন্ত্রী কার্যকর ভূমিকা রাখতে পারেননি বলেও মন্তব্য করেন তিনি। জনগণের প্রত্যাশা অনুযায়ী সরকার কাজ করতে পারছে না বলেও বলেন আখতার হোসেন।